

“ইজারা বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের ও হাট বাজার ইজারাদারদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বন্দর উপজেলার নিম্নবর্ণিত অস্থায়ী পত্তর হাট পবিত্র ঈদ-উল-আযহা/২২ উপলক্ষ্যে টোল/ফি আদায়ের লক্ষ্যে বর্ণিত শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের জন্য সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত “ছক” মোতাবেক দরপত্র ফরমসমূহ বিক্রয় ও গ্রহণ করা হবে।

ক্রঃ নং	হাট-বাজারের নাম	অবস্থান	সিডিউল মূল্য
০১	মদনপুর ইউনিয়নস্থ পূর্ব ফুলহর ইটভাটা বালুর মাঠ প্রাঙ্গনে অস্থায়ী পত্তর হাট	মদনপুর ইউনিয়ন	৬০০/-

“দরপত্র দাখিলের ক্যালেন্ডার”

বিবরণ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
১ম বার দরপত্র বিজ্ঞপ্তি	২৭ জুন ২০২২ খ্রিঃ	২৮ জুন ২০২২ খ্রিঃ দুপুর ০১:০০ টা	২৮ জুন ২০২২ খ্রিঃ বিকাল ০২:০০ টা	-

শর্তাবলী :

১. দরপত্র সিডিউল প্রতিদিন অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ ও এ কার্যালয় হতে ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের তারিখ ২৮-০৬-২০২২ খ্রিঃ, সময় বেলা ০১:০০ ঘটিকা পর্যন্ত উক্ত অফিসসমূহের দরপত্র ব্যস্তে গ্রহণ করা হবে এবং একই তারিখে দুপুর ২:০০ ঘটিকায় উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
২. দরদাতাকে দরপত্রের সাথে উদ্বৃত্ত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা অস্থায়ী হাট নিজ খরচে নিয়মিত পরিষ্কার না করলে বা হাটের অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মেটানো হবে। অস্থায়ী হাটের ইজারার মেয়াদ সমাপনান্তে অব্যবহৃত টাকা জামাদানকারীর বরাবরে প্রত্যাগিন করা হবে।
৩. দরপত্র গৃহীত হবার সংবাদ অবহিত হওয়ার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরে ৭৫% অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অর্থ যদি সংশ্লিষ্ট অস্থায়ী হাটের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান করা সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম আকাজ্জিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।
৫. খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও অস্থায়ী হাটের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
৬. সরকার অনুমোদিত টোলরেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাটের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট টাঙ্গিয়ে প্রচার করবে।
৭. ইজারাদার কোনক্রমে অস্থায়ী হাট অন্যের নিকট সাবলীজ দিতে পারবে না। যদি অনুরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রে শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
৮. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের পর ইজারা আদেশ প্রাপ্তির লক্ষ্যে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক কর্তৃপক্ষের সাথে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
৯. দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১০. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১১. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১২. কর্তৃপক্ষের কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(Signature)
26/6/22

(বি.এম. কুদরত-এ-খুদা)
উপজেলা নির্বাহী অফিসার
বন্দর, নারায়ণগঞ্জ।
ফোন নং- ৭৬৬১১৩৬
unobondor@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বন্দর, নারায়ণগঞ্জ।



স্মারক নং- ০৫.৪১.৬৭০৬.০০০.৩৪.০০৪.২২-


তারিখ : ০৯ আষাঢ় ১৪২৯
২৩ জুন ২০২২

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে -

১. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
২. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে -

১. সহকারী কমিশনার (ভূমি), বন্দর, নারায়ণগঞ্জ।
২. অফিসার ইনচার্জ, বন্দর থানা, নারায়ণগঞ্জ।
৩. উপজেলা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
৪. চেয়ারম্যান, মদনপুর ইউনিয়ন পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ (বহুল প্রচারের অনুরোধসহ)।
৫. অফিস কপি।


উপজেলা নির্বাহী অফিসার
বন্দর, নারায়ণগঞ্জ।